দৈনিক বাংলা

তারিখ 16 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

44

# ছাত্রী নিবাস

মেডিক্যাল কলেজের একজন ছাত্রী তার আবাসিক সমস্যার কথা জানিয়ে দৈনিক বাংলায় চিঠি লিখেছেন। জনমত কলামে প্রকাশিত তার চিঠিতে সলিমুল্লাহ মেডিক্যাল ছাত্রী হোস্টেলের দুরবস্থার কথা বলা হয়েছে। হোস্টেলে থাকা খাবার সুষ্ঠু ব্যবস্থা নেই; পড়াশোনা করার মত পরিবেশও নেই। বাথরুম টয়লেট স্বাস্থ্যসম্মত স্যানিটারি ব্যবস্থা নেই। আসবাব, পর্দা এসবের অবস্থাও করুণ। এই নিবাসে একটু জায়গা পাবার জন্যে কিন্তু অনেক ধর্ণা দিতে হয়। জায়গা নেই। বিশেষ করে প্রথম বর্ষের নতুন ছাত্রীরা অসুবিধায় পড়েন। তাদের হোস্টেলে সীট পাওয়া যেমন সমস্যা, তেমনি পেলেও সেখানে বসবাস করা আরেক সমস্যা।

ছাত্রাবাসের সমস্যা আমাদের দেশে পরুষ শিক্ষার্থীদের চেয়ে মেয়ে শিক্ষার্থীদের বেশী নাজেহাল করে। কারণ, আমাদের সমাজ–ব্যবস্থায় মেয়েরা যে কোন জায়গায় থেকে লেখাপড়া করতে পারে না। ছেলেরা পরিচিত কারো বাড়িতে বা অপরিচিত বাড়িতে জায়গীর থেকেও লেখাপড়া করে। কিন্তু মেয়েদের জন্যে এ ব্যবস্থাকে এখনো নিরাপদ মনে করা হয় না। বিশেষ শিক্ষাপ্রতিষ্ঠানে স্থানীয় নয় এমন মেয়েদের ভর্তি করা হলে তাদের জন্য হোস্টেল অবশ্যই থাকতে হবে। মেয়েদের শিক্ষার সঙ্গে এ বিষয়টা অপরিহার্য শর্ত। মেয়েদের শিক্ষার প্রসার ঘটাতে চাইলে ছাত্রী হোস্টেলের সংখ্যা এবং সুযোগ–সুবিধা বাড়াতে হবে।

বর্তমান সরকার নারীশিক্ষা ও নারী অধিকারে বিশেষ গুরুত্ব আরোপ করে। বর্তমান সরকারের প্রধানমন্ত্রী একজন মহিলা। তার বিশেষ আগ্রহে নারীশিক্ষা প্রাধান্য পেয়েছে আমরা জানি। শিক্ষার সর্বস্তরে মেয়েরা সমান অধিকার এবং সুবিধা পাচ্ছে কিনা এদিকে নজর দেয়া দরকার বলে আমরা মনে করি। হোস্টেলের কথাই ধরা যাক। মোট হোস্টেলের মধ্যে তুলনামূলকভাবে মেয়েদের হোস্টেলের সংখ্যা অনেক কম। হোস্টেলে জায়গা না পেলে স্থানীয় নয় এমন মেয়েদের পক্ষে লেখাপড়া চালানোই অসম্ভব হয়ে পড়ে।

হোস্টেলে থাকা–খাওয়া এবং অন্যান্য ব্যবস্থার মান সম্পর্কেও সচেতন হওয়া দরকার। অস্বাস্থ্যকর পরিবেশে বসবাস করে লেখাপড়া চালিয়ে যাওয়া সম্ভব নয়। ছেলেমেয়ে সব শিক্ষার্থীদের জন্যই একথা প্রযোজ্য। কলেজের হোস্টেল কর্তৃপক্ষ এ বিষয় নিয়ে চিন্তা–ভাবনা করবেন বলে আমরা মনে করি। শিক্ষার সঙ্গে হোস্টেলের সম্পর্ক ঘনিষ্ঠ। শিক্ষার্থীদের থাকার নিরাপত্তা জরুরী বিষয়। আমরা আশা করব, মেয়েদের জন্য হোস্টেল সংখ্যা বৃদ্ধি করা হবে। সলিমুল্লাহ ছাত্রী হোস্টেলের যে দুর্দশার কথা জানা গেছে, কলেজ কর্তৃপক্ষ সে বিষয়ে তদন্ত করবেন এবং এর বিহিত হবে বলেও আমরা আশা করি।